1-06435/14

06841

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 237644

Certified that the document is admitted to registration. The signature sheets and the endorsement sheets attached with the document are the part of this document.

District Sub-Register-III
Alipore, South 24-parganas

14 AUG 2014


॥ দান পত্র দলিল ॥

(দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য ১০,০০,০০০ দশ লক্ষ টাকা)

**দানপত্র গ্রহিতা** :- শ্রী প্রভাত ঘোষ, পিতা শ্রী সুকুমার ঘোষ,
জাতি- হিন্দু, পেশা - ব্যবসা, ভারতীয় নাগরিক,
সাকিন- ৯ নং বিধান লেন, পূর্বাচল, থানা- কসবা
অধুনা গড়ফা, কলকাতা - ৭০০০৭৮, জেলা - দক্ষিণ
২৪ পরগণা ॥

PLAN OF LAND AT K.M.C. PREMISES NO. 634, PURBACHAL MAIN ROAD, POSTAL ADDRESS 9/1, PURBACHAL BIDHAN LANE, P.S. KASBA, NOW GARFA, UNDER K.M.C. WARD NO. 106 MOUZA GARFA, J.L. NO. 19, PART OF R.S. DAG NO. 2440, R.S. KHATIAN NO. 1541 & 1542, DIST. SOUTH 24 PGS.

AREA OF LAND 1K-0CH-0SFT (M/L) SHOWN IN RED BORDER (GIFTED LAND & STRUCTURE).




SIG. OF DONOR SIG. OF DONEE

Mr. B. Banerjee
Surveyor, Planer, Bluprint
Alipore Police Court
Reg No.-0471/0[illegible]

তারিখে আলিপুর সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির, ৪৬ নং ভল্যুমের, ৩৮ নং

দানপত্র দাতা : -
**********

শ্রী সুকুমার ঘোষ , পিতা স্বর্গীয় অশ্বিনী কুমার ঘোষ , জাতি - হিন্দু , পেশা - অবসরপ্রাপ্ত , ভারতীয় নাগরিক , সাকিন - ৯ নং বিধান লেন, পূর্বাচল , থানা - কসবা অধুনা গড়ফা , কলকাতা - ৭০০০৭৮, জেলা - দক্ষিণ ২৪ পরগণা ॥

******************************************

কস্য নিম্ন তপশীল বর্ণিত, রায়তি স্বত্ব বিশিষ্ট, স্থানীয় পরিমাপে কমবেশী ১ এক কাঠা বাস্তু জমি জমা যাহা তদুপরিস্থিত ১৫০ বর্গফুট পরিমিত টালির ছাউনি যুক্ত কাঁচা/পাকা গৃহাদি পূর্ব দিক ও দক্ষিণ দিক সংশ্লিষ্ট ৪ ফুট প্রশস্থ কমন প্যাসেজাদির সর্ব্ব প্রকার ও সর্ব্ববিধ ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি সহ সম্পত্তি সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় দানের নিমিত্ত শুদ্ধ দান পত্র দলিল মিদং কার্য্যাঞ্চাগে : —

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, পরগণা - খাসপুর , থানা - কসবা অধুনা গড়ফা , এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রী অফিস - শিয়ালদহ, জেলা রেজিষ্ট্রী অফিস - আলিপুর, অধুনা দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৬ নং ওয়ার্ডের অন্তর্গত, পূর্ব্ব জেলা কালেকটরীর ১৫০ নং তৌজি ভুক্ত, জেঃ সাঃ নং - ২, জেঃ এলঃ নং - ১৯ , মৌজা - গড়ফা গ্রামে সি.এস ৮৫৭ এবং ৮২৯ নং খতিয়ানে লিখিত ১৪৩০ নং দাগস্থিত আর.এস ১০৪১ এবং ১০৪২ নং খতিয়ানে লিখিত ২৪৪০ নং দাগস্থিত জমি জমার মধ্যে ৬ ছয় কাঠা জমি জমা আমার অধুনা স্বর্গীয়া মাতাঠাকুরাণী শ্রীমতি শৈলবালা ঘোষ স্বামী স্বর্গীয় অশ্বিনী কুমার ঘোষ মহাশয়া তাহার জীবদ্দশায় বিগত ইংরাজী ২৬। ০২। ১৯৬৫ তারিখে আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির, ৪৬ নং ভল্যুমের, ৫৮ নং

Ashirbad Reality Pvt.Ltd
Director

পর পৃঃ - ৩

Sukumar Ghosh

সুকুমার ঘোষ

হইতে ৫১ নং পাতায় লিপিবদ্ধ ইংরাজী ১৯৬০ সালের ১৫৭০ নং এককোতা সাফ কোবালা দলিল মূলে উপযুক্ত পণ মূল্যে উহার পূর্ব্বতন স্বত্বাধিকারিনী শ্রীমতি পূর্ণিমা নন্দী, স্বামী শ্রী হরিহর নন্দী, সাকিন - ২৭ নং কে.পি.রায় লেন, ঢাকুরিয়া, থানা তৎকালিন যাদবপুর, জেলা - তৎকালিন ২৪ পরগণা, মহাশয়ার নিকট হইতে খরিদ করিয়া উত্তম নির্ব্যুঢ় খরিদা সূত্রে ভোগ দখলিকারিনী থাকাকালিন উক্ত সম্পত্তির মধ্য হইতে দক্ষিণার্দ্ধ কমবেশী ৩ তিন কাঠা জমি জমা আমার স্ত্রী শ্রীমতি লক্ষ্মী রাণী ঘোষ মহাশয়াকে বিগত ইংরাজী ২৮।১১।১৯৭২ তারিখে জয়েন্ট সাব রেজিষ্ট্রার আলিপুর, এট আলিপুর অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির, ১৬ নং ভল্যুমের, ২৩০ নং হইতে ২৩৩ নং পাতায় লিপিবদ্ধ ইংরাজী ১৯৭২ সালের ৪৬৩১ নং এককোতা কোবালা দলিল মূলে বিক্রয় করা বাদে বর্ণ্ণী উত্তরার্দ্ধের কমবেশী ৩ তিন কাঠা জমি জমাতে বাসে ভোগবতী ও দখলে মালিক দখলিকারিনী থাকাবস্থায় উক্ত সম্পত্তিতে আমাকে অত্র দানপত্রের দাতাকে তাহার একমাত্র পুত্র এবং উত্তরাধিকারী ওয়ারিশান রাখিয়া এবং অপর কোন ওয়ারিশান না রাখিয়া ও কোন প্রকার উইলাদি না করিয়া বিগত ইংরাজী ১৮।০৮।১৯৭৮ তারিখে পরলোক গমন করিলে পর হিন্দু উত্তরাধিকারী আইন মোতাবেক উক্ত ৩ তিন কাঠা জমি জমা আমি একক নির্ব্যুঢ় সূত্রে প্রাপ্ত হইয়া তদুপরি দুইখানি ছোট ছোট টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি নির্ম্মাণ করত উহা দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন অফিসে নিজ নামে নাম পত্তন করত: ০১ - ১০৬ - ১৬ - ০৬৮৪ - ৫ এ্যাসেসী নং অধীন, ৬৮৪ পূর্ব্বাচল মেইন রোড, কলকাতা - ৭০০০৭৮ প্রেমিসেস নং ভুক্ত উপযুক্ত ট্যাক্সাদি আদায়ে ভোগ দখল করিতে থাকাকালিন আমার দুইটি পুত্র সন্তানের ভবিষ্যত চিন্তা করিয়া আমার উক্ত সম্পত্তি ভবিষ্যতে উভয় পুত্রকে

Ashirbad Reality Pvt.Ltd

Director

পরপৃ: - ৪

Sukumar Ghosh

সমতুল্যাংশে হস্তান্তর করিব এইরূপ পরিকল্পনা করিয়া উক্ত সম্পত্তির মধ্য হইতে দক্ষিণ দিকে পূর্ব - পশ্চিম বিস্তৃত একটি ৪ 'ফুট প্রশস্থ কমন প্যাসেজ গঠন করিয়া উক্ত কমন প্যাসেজের মাঝ বরাবর উত্তর -দক্ষিণ বিস্তৃত অপর একটি ৪ 'ফুট কমন প্যাসেজ গঠন করিয়া উক্ত সম্পত্তিকে দুইটি প্লটে বিভক্ত করিবার পর সরোজমিনে মাপ সরুত স্ফুট হয় যে, উক্ত কমন প্যাসেজ গঠনের দরুণ এবং দীর্ঘদিন যাবৎ মাপ সরুত পূর্ব্বক সীমানা নির্দিষ্ট না করিবার দরুণ কমবেশী ১ এক কাঠা জমি জমা হ্রাসপ্রাপ্ত হইয়াছে।

অতঃপর ইংরাজী ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ল্যান্ড রিফর্মস আইনের ৫০ ধারা মোতাবেক নিযুক্তিয় প্রেসএ-ইবড় অথরিটি সমীপে বিগত ইংরাজী ২৫। ০৭। ২০০৮ তারিখের ৩৬১। ০৮, থানা- কসবা , কলকাতা - ৭০০০৭৮ (পূর্বাচল) রেজেষ্ট্রেশন নম্বর মূলে আমার নিজ স্বত্বাধীন এবং দখল অধীন বকী উক্ত ২ দুই কাঠা জমি জমা থানা - কসবা, মৌজা - গড়ফা , জেঃ এলঃ নং - ১৯, আর.এস ১৫৪১ ও ১৫৪২ নং খতিয়ান অধীন আর.এস ১৭০৫। ২৪৪০ নং দাগ উল্লেখে আমার নিজ নামে নাম খারিজ করাইয়া উপযুক্ত খাজনাদি আদায় দিয়া ভোগ দখলিকার থাকি।

পরবর্তী কালে উক্ত ২ দুই কাঠা জমি জমার মধ্য হইতে দক্ষিণ ও পশ্চিম দিকের ৪ 'ফুট প্রশস্থ কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ পশ্চিম দিকের কমন প্যাসেজ সংশ্লিষ্ট পূর্ব দিকের ১ এক কাঠা জমি জমা যায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি, যায় সম্পত্তি আমার জ্যেষ্ঠ পুত্র

পর পৃ : -৫

Ashirbad Reality Pvt.Ltd
Director

Sukumar Ghosh

সুকুমার ঘোষ

শ্রীমান সত্যেন ঘোষকে বিগত ইংরাজী ০২।১১।২০১১ তারিখে আলিপুর ডি এস: আর: ৩ নম্বর অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির, ১৭ নং সি.ডি. ভল্যুমের, ৬৪১৫ নং হইতে ৬৪২৯ নং পাতায় লিপিবদ্ধ ইংরাজী ২০১১ সালের ৮৪৭৩ নং একখেতা দানপত্র দলিল মূলে দান করিয়া দিয়া উহার খাস দখল অর্পণ করতঃ উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়াছি।

বর্তমানে উপরোক্ত ২ দুই কাঠা জমি জমার বর্ণনী পশ্চিমাংশের অবশেষ ১ এক কাঠা জমি জমা মায় তদুপরিস্থিত ১৫০ বর্গফুট পরিমিত টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি মায় উহার দক্ষিণ ও পূর্ব দিক সংশ্লিষ্ট কমন প্যাসেজাদির যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি আমার উত্তম মালিকানা স্বত্বাধীন রহিয়াছে। উহা সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তর করণের উত্তম ক্ষমতা ও অবাধ অধিকার আমার বিদ্যমান।

বর্তমানে আমার বয়স আনুমানিক ৭৯ বৎসর হইবে। বার্দ্ধক্যজনিত কারণে প্রায়শই কষ্ট পাই কিন্তু মানসিক ভাবে এখনও সম্পূর্ণ সুস্থ আছি এবং সকল কাজ করিতে পারি, কিন্তু এই বয়সের কোন বিশ্বাস নাই। কখন যে জীবনের অন্তিম যাত্রা উপস্থিত হইবে তাহা জানিনা, তবে বুঝিতে পারিতেছি যে, আমার অন্তিম সময় আসন্ন।

আমার দুইটি পুত্র সন্তান, জ্যেষ্ঠ পুত্র - শ্রীমান সত্যেন ঘোষ। কনিষ্ঠ পুত্র শ্রীমান প্রভাত ঘোষ। আমার চারিটি কন্যা সন্তান। তাহাদিগকে যথাসম্ভব দান-সামগ্রী প্রদানে সৎ পাত্রে বিবাহ দিয়াছি। তাহারা তাহাদের নিজ নিজ শ্বশুর গৃহে নিজ নিজ সন্তান সন্ততি লইয়া সুখে সংসার জীবন যাপন করিতেছে। তাহাদের কোন

Ashirbad Reality Pvt.Ltd
Director

পর পৃঃ - ৬

অত্র অভিযোগ নাই। আমার উপরোক্ত নিব্যূঢ় স্বত্বীয় ২ দুই কাঠা জমিজমার মধ্য হইতে পূর্ব উল্লিখিত মতে রেজিস্ট্রীকৃত দানপত্র দলিল মূলে আমার জ্যেষ্ঠ পুত্র-কে পূর্বাংশের কমবেশী ১ এক কাঠা জমি জমা মায় তদুপরিস্থিত কাঁচা গৃহাদি মায় সম্পত্তি দান করিয়াছি।

আমার কনিষ্ঠ পুত্র শ্রীমান্ প্রভাত ঘোষ অর্থাৎ অত্র দানপত্র গ্রহিতা, তাহাকে আমি ও আমার স্ত্রী অতিশয় স্নেহ করি ও ভালবাসি। আমার উক্ত কনিষ্ঠ পুত্র অত্র দানপত্র গ্রহিতা সেও আমাদিগকে অতিশয় ভক্তি শ্রদ্ধা করিয়া থাকে এবং আমাদিগের সার্ব্বিক প্রয়োজন ইত্যাদি সর্ব্ব বিষয়ে অতিশয় যত্নবান এবং আমাদিগকে আন্তরিক ভাবে সেবা যত্ন করিয়া থাকে।

এক্ষণে অত্র দান পত্র গ্রহিতা তোমার প্রতি আমার আন্তরিক স্নেহ ও ভালবাসার নিদর্শন স্বরূপ আমার নিব্যূঢ় স্বত্বীয় মৌজা - গড়ফা অধীন সি.এস.৮৫৭ ও ৮২৯ নং খতিয়ানে লিখিত ১৪৩৫ নং দাগস্থিত আর.এস ১৫৪১ ও ১৫৪২ নং খতিয়ানে লিখিত ২৪৪০ নং দাগস্থিত (বি.এল.এন্ড এল.আর.ও মিউটেশন সার্টিফিকেট মূলে ১৭৩৫|২৪৪০ নং দাগস্থিত), নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ও সঙ্গীয় নকশায় 'লাল' রঙের সীমারেখা দ্বারা বিশেষ ভাবে সীমাকৃত ও নির্দ্দিষ্টকৃত কমবেশী ১ এক কাঠা বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত ১৫০ বর্গফুট পরিমিত টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি মায় সংশ্লিষ্ট পূর্ব ও দক্ষিণ দিকস্থ ৪ ফুট প্রশস্থ কমন প্যাসেজাদির যাবতীয় ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্ত্বাদি সহ সম্পত্তি তোমাকে নিঃশর্ত্তে দান করিবার প্রস্তাব করিলে

পর পৃঃ- ৭

Ashirbad Reality Pvt.Ltd

Director

এই দান তুমি সানন্দে গ্রহণ করিতে স্বীকৃত হওয়ায় অদ্য তারিখে অত্র দানপত্র দলিল তোমার নাম বরাবর লিখাইয়া দিয়া উহাতে সহি সম্পাদন করতঃ এতদ্দ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তিতে এযাবৎকাল আমার স্বত্ব, স্বামীত্ব, নত্তা, দখল, হক- হকিয়ৎ, অধিকারাদি ইত্যাদি যাহা কিছু ছিল, আছে বা হইতে পারে তৎসমুদয় অদ্য তারিখে আমা হইতে চিরতরে রদ, রহিত, ধ্বংস ও বিলুপ্ত হইয়া তোমার প্রতি সর্ব্বতো ভাবে অর্পিল বা বর্ত্তাইল। তুমি অদ্য তারিখ হইতে অত্র দানপত্র দলিলের বুনিয়াদে উহাতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে মালিক দখলিকার হইয়া পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেক্টার বাহাদুর সেরেস্তায় ও দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন অফিসে তোমার নিজ নামে বরাবর নাম পত্তন করাইয়া ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্সাদি আদায়ে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণক্রমে দান, বিক্রয়, বন্ধক ইত্যাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও সর্ব্বপ্রকার রূপান্তর করণের অবাধ ক্ষমতা যুক্তে যদৃচ্ছা ভাবে ভোগ দখল করিতে থাক, তাহাতে কস্মিন কালেও আমি বা আমার অপর কোন ওয়ারিশান গণক্রমে কেহ কোন প্রকার দাবী দাওয়া বা ওজর আপত্তি করিব না বা করিতে পারিবে না, করিলেও তাহা সর্ব্বত্র ও সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

পর পৃ: - ৮

Ashirbad Reality Pvt.Ltd

Director

উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তি আমি ইতিপূর্বে দান, বিক্রয়, বন্ধক ইত্যাদির দ্বারা অপর কাহাকেও কোন প্রকার হস্তান্তর করি নাই বা হস্তান্তর করিবার জন্য কাহারও সহিত কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ হই নাই বা উহা কোন প্রকার দেবোত্তর বা পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে বা কোন সরকারী বা আধা সরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক উহা কোন প্রকার এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা ঐরূপ হইবার জন্য আমি কোন প্রকার নোটিশাদি প্রাপ্ত হই নাই বা উহাতে কোন প্রকার মামলা মোকর্দ্দমা চলিত নাই বা উহা কোন প্রকার ঋণের দায়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট আবদ্ধ নহে বা উহাতে আমি ব্যতীত অপর কোন শরিক, অংশীদার নাই। সম্পূর্ণ নির্দায়, নির্দোষ এবং মুক্তাবস্থায় আমার খাস দখলে থাকাকালিন এবং দান করিবার মত উত্তম ক্ষমতা ও স্বত্ব থাকা প্রকাশে অদ্য তারিখে সম্পূর্ণ নিঃশর্তে এবং কোন প্রকার বিনিময় মূল্য ব্যতিরেকে তোমাকে দান করিয়া দিয়া উহার খোলসা খাস দখল অর্পণ পূর্ব্বক উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলিচ্যুত হইলাম।

প্রকাশ থাকে যে, অত্র দানপত্র দলিলের কোন অংশে যদি ভবিষ্যতে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় ফলে তোমার স্বত্ব দখলে কোন প্রকার হানী বা বিঘ্ন জন্মায় তাহা হইলে তোমার তলব মত, তোমার খরচে, তোমার অনুকূলে সর্ব্ব প্রকার সংশোধনী বা সাপ্লিমেন্টারী বা ডিক্লারেশন ডিড্ সম্পাদন ও রেজিষ্ট্রেশন পূর্ব্বক অত্র দলিলকে আরও দৃঢ়তর করিয়া দিতে আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

Ashirbad Reality Pvt.Ltd
Director

পর পৃঃ - ৯

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায়,স্বেচ্ছায় ,সুজ্ঞানে অত্র দলিল তোমার নাম বরাবর লিখাইয়া দিয়া উহা পাঠ করিয়া ও পাঠ করাইয়া উহার বর্তমান ও ভবিষ্যত ফলাফল সম্যক অনুধাবন করিয়া নিম্নোক্ত স্বাক্ষীগণ সমক্ষে নিজ নাম সহি সম্পাদন করিয়া দিলাম।

ইতি তারিখ ইংরাজী সন ২০১৪ সালের - ১৪ ই আগষ্ট ,

মোতাবেক বাংলা সন ১৪২১ সালের - ২৮ শে শ্রাবণ ।

॥ দানকৃত সম্পত্তির তপশীল পরিচয়। ॥
******************************

জেলা - দক্ষিণ ২৪ পরগণা ,পরগণা - খাসপুর ,থানা - কসবা , অধুনা গড়ফা ,এ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রী অফিস - শিয়ালদহ ,জেলা রেজিস্ট্রী অফিস - আলিপুর ,দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৬ নং ওয়ার্ডের অন্তর্গত , ৬৮৪ পূর্বাচল মেইন রোড,কলকাতা- ৭০০০৭৮ কে.এম.সি প্রেমিসেস নং ৩,৯১১ বিধান লেন,পূর্বাচল ,কলকাতা - ৭০০০৭৮ ডাক সাকিন ঐ, অত্র জেলা কালেক্টরীর ১৩৩ নং তৌজি ভুক্ত,রে.সা. নং - ২,জে এল নং - ১৯, মৌজা - গড়ফা গ্রামে,সি.এস ৮৩৭ এবং ৮২৯ নং খতিয়ানে লিখিত ১৪৩০ নং দাগস্থিত,আর.এস ১৩৪১ এবং ১৩৪২ নং খতিয়ানে লিখিত ২৪৪০ নং দাগস্থিত, (বি.এল.এন্ড এল.আর.ও মিউটেশন সার্টিফিকেট মূল আর.এস ১৭৩৩/২৪৪০ নং দাগস্থিত), অত্র দলিলের একাংশ রূপে গন্য সঙ্গীয় নকশায়

পর পৃঃ - ১০

Ashirbad Reality Pvt.Ltd
Director

Sukumar Ghosh

সুকুমার ঘোষ

'লাল' রঙের সীমারেখা দ্বারা বিশেষ ভাবে সীমাকৃত ও নির্দিষ্টকৃত এবং নিম্নোক্ত চৌহদ্দিস্থিত স্থানীয় পরিমাপে কমবেশী ১ এক কাঠা বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত টালির ছাউনি যুক্ত কাঁচা গৃহাদি মায় সংলগ্ন দক্ষিণ ও পূর্ব্ব দিকস্থ ৪'ফুট প্রশস্থ কমন প্যাসেজাদির সর্ব্বপ্রকার ও সর্ব্ববিধ ইজমেন্ট ও ব্যবহারিক সুযোগাদি সহ সম্পত্তি অত্র দানপত্র দলিলের বিষয়ভুক্ত দানকৃত সম্পত্তি হইতেছে। উহার উপযুক্ত খাজনা ও ট্যাক্সাদি মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুর সেরেস্তায় ও দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন অফিসে সন সন আদায় দেয়।

॥ উহার চৌহদ্দি ॥
******************

উত্তর : আর.এস ২৪৪০ নং দাগের অংশ।

দক্ষিণ : ৪'ফুট প্রশস্থ কমন প্যাসেজ এবং তৎপর শ্রীমতি লক্ষ্মী রাণী ঘোষ মহাশয়ার জমি ও বাড়ী।

পূর্ব্ব : ৪'ফুট প্রশস্থ কমন প্যাসেজ এবং তৎপর অত্র দানপত্র দাতা কর্ত্তৃক দানকৃত, শ্রী সত্যেন ঘোষ মহাশয়ের জমি ও কাঁচা বাড়ী।

পশ্চিম : আর.এস ২৪৩১ নং দাগের জমি জমা।

Ashirbad Reality Pvt.Ltd

Director

পর পৃ: - ১১

Sukumar Ghosh

( দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য ১০,০০,০০০, দশ লক্ষ টাকা )

Sukumar Ghosh
..............................
দানপত্র দাতার স্বাক্ষর : -

ইসাদি : -
*******

১। লক্ষ্মীরানীঘোষ
৭, বিশ্বাস লেন -
কলকাতা - ৭৮

২। Bikash Roy
Sreepur, Joynagar
South 24Pgs.

অত্র দান আমি সানন্দে গ্রহণ করিলাম।

..............................
দানপত্র গ্রহিতার স্বাক্ষর : -

Ashirbad Reality Pvt.Ltd

Director


মুসাবিদাকারক : -
***********
Mrinmoy Kr. Roy.
মৃন্ময় কুমার রায়,
এ্যাডভোকেট
আলিপুর পুলিশ কোর্ট,
কলকাতা - ৭০০০২৭ ॥

টাইপকারক : -
***********
কমল কুমার ঘোষ,
আলিপুর পুলিশ কোর্ট,
কলকাতা - ৭০০০২৭ ॥

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..............................................................

Signature ..........................................................

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
|  | left hand | | | | | |
| Sukumar Ghosh | right hand | | | | | |

Name ..............................................................

Signature Sukumar Ghosh

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
|  | left hand | | | | | |
| [illegible] | right hand | | | | | |

Name ..............................................................

Signature [illegible]

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..............................................................


Signature ..........................................................

Ashirbad Reality Pvt.Ltd

Director

E PLAN OF LAND AT K.M.C PREMISES NO. 684, PURBACHAL
N ROAD, POSTAL ADDRESS- 3/1, PURBACHAL BIDHAN
LANE, P.S.- KASBA, NOW GARFA, UNDER K.M.C WARD NO. 106
MOUZA- GARFA, J.L. NO. 13, PART OF R.S. DAG NO. 2440, R.S.
KHATIAN NO. 1541 & 1542, DIST- SOUTH 24 PGS.

AREA OF LAND- 1K-4CH-0SFT (APPROX) SHOWN IN RED BORDER.
(GIFTED LAND & STRUCTURE)




Mr. R. Banerjee
Surveyor, Planer, Bluprin
Alipore Police Court
Reg.No.- 0471/09

SIG OF DONOR | SIG OF DONEE

Ashirbad Reality Pvt.Ltd

**Government Of West Bengal**
**Office Of the D.S.R. - III SOUTH 24-PARGANAS**
**District:-South 24-Parganas**

**Endorsement For Deed Number : I - 06435 of 2014**
**(Serial No. 06841 of 2014 and Query No. 1603L000013303 of 2014)**

**On 14/08/2014**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i), 4 of Indian Stamp Act 1899.

**Payment of Fees:**

Amount by Draft

Rs. 25280/- is paid , by the draft number 091654, Draft Date 12/08/2014, Bank Name State Bank of India, ALIPORE COURT TREASRY BR, received on 14/08/2014

( Under Article : A(1) = 25234/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on 14/08/2014 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-22,95,000/-

Certified that the required stamp duty of this document is Rs.- 11495 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 6500/- is paid , by the draft number 091646, Draft Date 12/08/2014, Bank : State Bank of India, ALIPORE COURT TREASRY BR, received on 14/08/2014

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 10.52 hrs on :14/08/2014, at the Office of the D.S.R. - III SOUTH 24-PARGANAS by Sri Sukumar Ghosh ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 14/08/2014 by

1. Sri Sukumar Ghosh, son of Late Aswani Kumar Ghosh , 9, Bidhan Lane, Purbachal, Kolkata, Thana:-Kasba, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700078, By Caste Hindu, By Profession : Retired Person
2. Sri Pravat Ghosh, son of Sri Sukumar Gahosh , 9, Bidhan Lane, Purbachal, Kolkata, Thana:-Kasba, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700078, By Caste Hindu, By Profession : Business.

Identified By Bikash Roy, son of Ranjan Roy, Village:Sreepur, Thana:-Joynagar, District:-South 24-Parganas, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: Business.

Ashirbad Reality Pvt. Ltd.
Director


( Rajendra Prasad Upadhyay )
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH
24-PARGANAS

District Sub-Registrar-III
Alipore, South 24 Parganas



( Rajendra Prasad Upadhyay )
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the D.S.R. - III SOUTH 24-PARGANAS, District- South 24-Parganas
Signature / LTI Sheet of Serial No. 06841 / 2014, Deed No. (Book - I , 06435/2014)

I. Signature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Sukumar Ghosh<br>9, Bidhan Lane, Purbachal, Kolkata, Thana:-Kasba, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700078 | <br>14/08/2014 | <br>LTI<br>14/08/2014 | Sukumar Ghosh<br>14.8.2014 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Sukumar Ghosh<br>Address -9, Bidhan Lane, Purbachal, Kolkata, Thana:-Kasba, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700078 | Self | <br>14/08/2014 | <br>LTI<br>14/08/2014 | Sukumar Ghosh |
| 2 | Pravat Ghosh<br>Address -9, Bidhan Lane, Purbachal, Kolkata, Thana:-Kasba, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700078 | Self | <br>14/08/2014 | <br>LTI<br>14/08/2014 | প্রভাত ঘোষ |

**Name of Identifier of above Person(s)**
Bikash Roy
Village:Sreepur, Thana:-Joynagar, District:-South 24-Parganas, WEST BENGAL, India,

**Signature of Identifier with Date**
Bikash Roy 14.08.14

Ashirbad Reality Pvt.Ltd
Director

District Sub-Registrar-III
Alipore, South 24 Parganas

(Rajendra Prasad Upadhyay)
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
Office of the D.S.R. - III SOUTH 24-PARGANAS

 14/08/2014

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 15
Page from 4874 to 4890
being No 06435 for the year 2014.

Seal of the District Sub-Registrar III, South 24 Parganas, South 24 Parganas

(Rajendra Prasad Upadhyay) 19-August-2014
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
Office of the D.S.R. - III SOUTH 24-PARGANAS
West Bengal

District Sub-Registrar-III
Alipore, South 24 Parganas

Ashirbad Reality Pvt.Ltd

Director